দৈনিক আমাদের সময়

তারিখ 28 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

# জবির ছাত্রলীগের কমিটির নামে ধোঁয়াশা কাটছে না হতাশ নেতাকর্মীরা

হুমায়ুন কবির, জবি ● জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রলীগের কমিটি গঠন প্রক্রিয়া কেন্দ্রীয় কমিটির নেতাদের আশ্বাসের বাণীতেই সীমাবদ্ধ রয়েছে। এক বছর মেয়াদি কমিটি প্রায় ৪ বছর সময় অতিক্রান্ত করার পরও নতুন কমিটি না দেওয়ায় চরম হতাশ হয়ে পড়েছেন নেতাকর্মীরা। এতে করে ক্রমশই দুর্বল হয়ে পড়ছে ক্ষমতাসীন দলের ছাত্রলীগের সাংগঠনিক কাঠমো। তবে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি শিগগিরই কমিটি দেওয়া হবে বলে আবারও ঘোষণা দিয়েছে।

এদিকে ছাত্রলীগের বর্তমান কমিটির সভাপতি শরিফুল ইসলাম এবং সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম প্রায় ৩ মাস ধরে দলীয় কর্মসূচিতে অনুপস্থিত থাকছেন। চলতি মাসের ১৭ মে প্রধানমন্ত্রী শেখ হাসিন-'র স্বদেশে প্রত্যাবর্তন দিবস, বিএনপি-ইসরায়েলি গোয়েন্দা সংস্থা মোসাদ কর্তৃক দেশবিরোধী ষড়যন্ত্রের প্রতিবাদে বিক্ষোভ মিছিল এবং যুদ্ধাপরাধের দায়ে ফাঁসির দড়িতে জামায়াত নেতা নিজামীর ফাঁসি কার্যকরের পর আনন্দ মিছিল কিংবা জামায়াতের অবৈধ হরতালের প্রতিবাদে মিছিলের মতো গুরুত্বপূর্ণ কর্মসূচিতে অংশ নেয়নি ছাত্রলীগের ওই দুই নেতা। তবে নেতাকর্মীরা নিজ-নিজ গ্রুপে কেন্দ্র ঘোষিত ওই সব কর্মসূচিতে এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## জবির ছাত্রলীগের

(৩ এর পৃষ্ঠার পর) অংশ নিয়েছেন।

তবে ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইন আমাদের সময়কে বলেন, ছাত্রলীগের মেয়াদোত্তীর্ণ শাখাগুলোতে কমিটি দেওয়ার প্রক্রিয়া ইতোমধ্যেই শুরু হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের বর্তমান কমিটির মেয়াদ অনেক আগেই শেষ হয়েছে। তাই সংগঠনের ধারাবাহিক নিয়মে সেখানে অতিশিগগিরই নতুন কমিটি গঠন করা হবে। ২০১২ সালের ৩ অক্টোবর এফএম শরিফুল ইসলামকে সভাপতি ও এসএম সিরাজুল ইসলামকে সাধারণ সম্পাদক করে এক বছরের জন্য কমিটি গঠন করা হয়। জবি ছাত্রলীগের কমিটি ভেঙে দেওয়া হচ্ছে এমন সংবাদে আশাবাদী হয়ে উঠছেন সংগঠনের দীর্ঘদিনের পরীক্ষিত ত্যাগী নেতাকর্মীরা। নতুন কমিটিতে স্থান পেতে তারা ছাত্রলীগ ও আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতাদের কাছে জোর লবিং-তদবির শরু করেছেন।

নতুন কমিটিতে সভাপতি পদে যাদের সম্ভাবনা রয়েছে তাদের মধ্যে রয়েছেন বর্তমান কমিটির সাংগঠনিক সম্পাদক সাইদুর রহমান জুয়েল, সাইফুল্লাহ ইবনে সুমন, এইচএম কামরুল হাসান, তরিকুল ইসলাম, সাইফুল্লাহ ইবনে সুমন ও মীজানুর রহমান। সাধারণ সম্পাদক পদে লবিং-তদবিরে এগিয়ে রয়েছেন কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক হারুন-অর-রশিদ, সাংগঠনিক সম্পাদক তানভীর রহমান খান, জহির রায়হান আগুন, উপ-শিক্ষা ও পাঠচক্র সম্পাদক মাহবুবুল আলম রবিন, উপ-সমাজসেবা সম্পাদক মমিনুর রহমান, প্রচার সম্পাদক আনিসুর রহমান শিশির, বিজন হাওলাদার রানা ও তওকির আহমেদ। জবি ছাত্রলীগের সভাপতি শরিফুল ইসলাম বলেন, কেন্দ্রীয় ছাত্রলীগের কাছে নতুন কমিটি গঠনের জন্য সম্মেলনের সুপারিশ করা হয়েছে। কমিটি গঠনের ব্যাপারে জবি ছাত্রলীগের কোনো হাত নেই বলেও জানিয়েছেন তিনি।